ঝিনাইদহে এক রাতে সর্বহারা হলো ২৬ জন

ঝিনাইদহ সদরের সর্ব বৃহৎ বাজার হাটগোপালপুরে ২৬ টি দোকানে চুরির ঘটনা ঘটেছে। গতকাল রবিবার দিবাগত রাতে দোকানগুলোর দরজার তালা কেটে চুরি ক্যাশবক্স ভেঙে নগদ টাকা ও মালামাল নিয়ে গেছে।

স্থানীয় পুলিশ ক্যাম্পের কয়েকশ গজ দূরের বাজারে এ রকম চুরির ঘটনা জনমনে নানা রহস্য তৈরি হয়েছে।

ব্যবসায়ীরা জানান, ওই বাজারের মোট ২৬টি দোকানে চুরি হয়েছে। এসব দোকান থেকে ক্যাশবক্স ভেঙে নগদ টাকা, গামেন্টস সামগ্রী, ওষুধ ও অন্যান্য মালামাল নিয়ে যায় চোরের দল।

স্থানীয় পদ্মকর ইউনিয়নের চেয়ারম্যান বিকাশ কুমার বিশ্বাস বলেন, গত কিছুদিন ধরে বিভিন্ন এলাকায় চুরি ডাকাতির কথা শুনে আমাদের বাজারের ব্যবসায়ীদের সর্তক থাকতে বলেছিলাম। দুর্ভাগ্যবশত একই রাতে ২৬ টি দোকানে চুরি হয়ে গেল। দাগী অপরাধী ও মাদাকাসক্তদের গ্রেপ্তার না করলে চুরি-ডাকাতি আরো বেড়ে যাবে।

এ ব্যাপারে ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মুহিদুর রহমান কালের কণ্ঠকে বলেন, ওই বাজারে চুরির ঘটনায় স্থানীয় পুলিশ ক্যাম্পের সদস্যসহ বাজারের পাহারাদারদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আশা করছি খুব দ্রুত সময়ের মধ্যে চুরির রহস্য উন্মোচন করা হবে।